বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-১৪৫(১)

তারিখঃ ১৯/০৩/২০১৭ খ্রিঃ

## আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় গ্রামের দরিদ্র, অসহায়, সুবিধাবঞ্চিত নারীদের কর্মসংস্থান সৃষ্টিসহ নারীর ক্ষমতায়নের এ প্রকল্পটি বাস্তবায়ত হচ্ছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, উপজেলা পর্যায়ে কর্মরত প্রকল্পের এআরডিও'গণ তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন না করায় বর্তমানে ঋণের কিস্তি খেলাপীসহ মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং চাহিদা থাকা সত্বেও যথাযথ প্রক্রিয়া অনুসরনের মাধ্যমে ঋণ বিতরণ না করে সরকারী অর্থের যথাযথ ব্যবহার করা হচ্ছে না। এ বিষয়সমূহ তাদের দায়িত্বে অবহেলা হিসেবে প্রমাণিত হয়। তাই নিম্নোক্ত উপজেলাসমূহে প্রকল্প কার্যক্রম গতিশীল করার জন্য বর্ণিত কর্মকর্তাগণের সাকূল্য বেতনভাতা হতে নিম্নোক্ত হারে বেতন স্থগিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

| ক্র.নং. | জেলা | উপজেলা | নাম | বেতন স্থগিতের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | খুলনা | ডুমুরিয়া | আবু সুফিয়ান | ১০% | দায়িত্ব পালনে গাফিলতি ও তদারকির অভাবে মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি ও বাস্তবায়ন অগ্রগতি (সমিতি গঠন, সদস্য ভর্তি ও সঞ্চয় আদায়) ব্যহত হওয়াসহ ঋণ তহবিলের যথাযথ ব্যবহার নিশ্চিত না করা |
| ২ | | দাকোপ | মোঃ হাসান তারিক | ১০% | |
| ৩ | | কয়রা | মোঃ জুলফিকার আলী | ১০% | |
| ৪ | বাগেরহাট | সদর | তন্ময় কান্তি মিরবর | ১৫% | |
| ৫ | | কচুয়া | প্রবীর কুমার মন্ডল | ১০% | |
| ৬ | পটুয়াখালী | দুমকি | মোঃ সোহেল ইকবাল | ১০% | |
| ৭ | | বাউফল | নাজমুন নাহার ইরানী | ১০% | |
| ৮ | | দশমিনা | মোঃ নেছার উদ্দিন | ২০% | |
| ৯ | পিরোজপুর | মঠবাড়ীয়া | মোঃ আল মামুন | ১৫% | |
| ১০ | | সদর | মাসুম আলী | ১০% | |
| ১১ | | নাজিরপুর | সঞ্জয় কুমার মজুমদার | ১০% | |
| ১২ | বরিশাল | বাবুগঞ্জ | সুখেন্দু এদবর | ১০% | দায়িত্ব পালনে অবহেলা ও তদারকির অভাবে অগ্রগতি(সমিতি গঠন, সদস্য ভর্তি ও সঞ্চয় আদায়) সন্তোষজনক না হওয়া |
| ১৩ | | আগৈলঝারা | তরুণ কান্তি বৈদ্য | ২০% | |
| ১৪ | ভোলা | বোরহান উদ্দিন | ফারহানা আক্তার | ৩০% | দায়িত্ব পালনে গাফিলতি ও তদারকির অভাবে বাস্তবায়ন অগ্রগতি(সমিতি গঠন, সদস্য ভর্তি ও সঞ্চয় আদায়) ব্যহত হওয়াসহ মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি পাওয়া |
| ১৫ | | চরফ্যাশন | চিন্ময় মন্ডল | ৩০% | |
| ১৬ | ঝালকাঠী | সদর | নুসরাত নওশীন সুবর্না | ১০% | মাঠ পর্যায়ে তদারকির অভাবে মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি ও অগ্রগতি (সমিতি গঠন, সদস্য ভর্তি ও সঞ্চয় আদায়) ব্যহত হওয়া |
| ১৭ | যশোর | অভয়নগর | রেহেনা পারভীন | ৫০% | মেয়াদোত্তীর্ণ খেলাপীর অর্থ আদায় না হলে সাকূল্য বেতনের স্থগিতকৃত অর্থ অনিয়মতান্ত্রিকভাবে বিতরণকৃত মেয়াদোত্তীর্ন খেলাপীর বিপরীতে সমন্বয় করা হবে |
| ১৮ | | মনিরামপুর | মো. সালাহ উদ্দিন | ৪০% | |

| ক্র.নং. | জেলা | উপজেলা | নাম | বেতন স্থগিতের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৯ | | চৌগাছা | অনুপ কুমার লস্কার | ১০% | দায়িত্ব পালনে অবহেলা ও তদারকির অভাবে মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি ও অগ্রগতি(সমিতি গঠন, সদস্য ভর্তি ও সঞ্চয় আদায়) সন্তোষজনক না হওয়া |
| ২০ | | বাঘারপাড়া | কল্পনা খাতুন | ১০% | |
| ২১ | মাগুড়া | শালিখা | দিপ্পাদিত্য সাহা | ১০% | |
| ২২ | | শ্রীপুর | মোঃ তরিকুল ইসলাম | ১৫% | দায়িত্ব পালনে গাফিলতি ও তদারকির অভাবে বাস্তবায়ন অগ্রগতি(সমিতি গঠন, সদস্য ভর্তি ও সঞ্চয় আদায়) ব্যহত হওয়াসহ মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি পাওয়া |

২। বর্ণিত এআরডিও'গণের সাকূল্য বেতন হতে স্থগিতকৃত বেতন সফটওয়্যারে Postponed Salary Payable(891) কোডে জমা রাখতে হবে। পরবর্তীতে কার্যক্রম অগ্রগতি সন্তোষজনকসহ মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায় সাপেক্ষে প্রকল্প কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে স্থগিতকৃত বেতন ফেরতযোগ্য হবে। এছাড়া কোন এআরডিও'র ঋণ বিতরণে অনিয়মের জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপী হওয়ার বিষয়টি প্রমাণিত হলে পরবর্তীতে তার স্থগিতকৃত বেতন মেয়াদোত্তীর্ণ খেলাপীর বিপরীতে সমন্বয় করা হবে।

৩। কোন এআরডিও'র বিপরীতে ইতোপূর্বে জারিকৃত বেতন স্থগিতের কোন আদেশ থাকলে তা উক্ত আদেশ জারির পর হতে বাতিল বলিয়া গণ্য হবে। তবে প্রকল্প দপ্তরের অনুমোদন ব্যতিত পূর্বের স্থগিতকৃত বেতনভাতা প্রদান করা যাবে না।

৪। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি,উপজেলাঃ--------------------জেলাঃ---------------------- ।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ--------------------- জেলাঃ------------------------।
   (পত্রের নির্দেশনা অনুযায়ী প্রতি মাসে বেতন স্থগিতের প্রমাণপত্র সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৩. উপপরিচালক, বিআরডিবি,জেলাঃ------------------- ।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।